গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা

সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর আওতাধীন অধিদপ্তরসমূহের সাথে অনুষ্ঠিত জুন, ২০২২-এর সমন্বয়সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মোকাব্বির হোসেন<br>সচিব |
| সভার তারিখ | ০৬ জুন ২০২২ |
| সভার সময় | সকাল ১০.০০ টায় |
| স্থান | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি বলেন, ০৪ জুন ২০২২ তারিখে চট্টগ্রাম জেলার সীতাকুন্ডে অবস্থিত বি এম কন্টেইনার ডিপোতে এক ভয়াবহ অগ্নিদুর্ঘটনা সংঘটিত হয়। উক্ত অগ্নিদুর্ঘটনায় ফায়ার সার্ভিসের ৯ (নয়) জন ফায়ার ফাইটারসহ ৪১ জন নিহত হয় এবং অনেক লোক আহত হন। তিনি অগ্নিদুর্ঘটনায় নিহত সকলের রুহের আত্মার মাগফিরাত ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন এবং আহত সকলের দ্রুত আরোগ্য কামনা করেন। এছাড়া, অগ্নিদুর্ঘটনায় ক্ষতিগ্রস্থ সকলের প্রতিও সমবেদনা জ্ঞাপন করা হয়। তিনি ভবিষ্যতে অগ্নিদুর্ঘটনা রোধকল্পে সংশ্লিষ্ট সকলকে আরো দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানান। সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর আওতাধীন প্রতিটি অধিদপ্তর ও উইং-এর চলমান কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে আন্তরিকতা, দক্ষতা ও নিষ্ঠার সাথে কাজ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)-কে অনুরোধ করা হয়। অতঃপর অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) কর্তৃক বিষয়সমূহ সভায় নিম্নরূপে উপস্থাপন করা হয়।

| ক্রম | আলোচ্যসূচি | সিদ্ধান্ত |
|---|---|---|
| | **গত সভার (মে, ২০২২) কার্যবিবরণী দৃঢ়ীকরণ :** ফেব্রুয়ারি, ২০২২-এ অনুষ্ঠিত সমন্বয়সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। কোন সংশোধনী প্রস্তাব না থাকলে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা যেতে পারে। | মে, ২০২২-এর সমন্বয়সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিতে তা দৃঢ়ীকরণ করা হয়। |

| ক্রম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.৩ | **(ক) মসবৈ-০৫(০২)-২০১৪, তারিখ: ১০ ফেব্রুয়ারি ২০১৪: সিদ্ধান্ত:৮। সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত বাংলাদেশ ও ব্রাজিলের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদন করা হইল।-বিষয়টি পররাষ্ট্র মন্ত্রণালয়ে পেন্ডিং আছে।** | ১)বাংলাদেশ ও ব্রাজিলের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়-এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ) বহিরাগমন-২ শাখা** |

| | | |
|---|---|---|
| **(খ) মসবৈ-১৪(০৫)-২০১৪, তারিখ : ০৫ মে ২০১৪:** **সিদ্ধান্ত : ৮। সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদন করা হইল।-বিষয়টি পররাষ্ট্র মন্ত্রণালয়ে পেন্ডিং আছে।** | ১)বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়-এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ/সংশ্লিষ্ট শাখা প্রধান।** |
| **(গ) ২৮ অক্টোবর ২০১৯/১২ কার্তিক ১৪২৬ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্ত:১৪। বাংলাদেশ ও সাউথ আফ্রিকার মধ্যে স্বাক্ষরের জন্য 'Agreement between The Government of The Republic of South Africa and The Government of the People`s Republic of Bangladesh regarding the waiver of Visa requirement for holders of Diplomatic and Official Passports' শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন।-বিষয়টি পররাষ্ট্র মন্ত্রণালয়ে পেন্ডিং আছে** | ১)বাংলাদেশ ও সাউথ আফ্রিকার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/সংশ্লিষ্ট শাখা প্রধান।** |
| **(ঘ) ৩১ মে ২০২১/ ১৭ জ্যৈষ্ঠ ১৪২৭ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্ত: ১৪। বাংলাদেশ ও বতসোয়েনার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তির খসড়া অনুমোদন করা হইল। (**'Agreement between The Government of The People's Republic of Bangladesh and The Government of the Republic of Botswana on visa exemption for holders of Diplomatic and Official Passports'**) শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন।** **বিষয়টি পররাষ্ট্র মন্ত্রণালয়ে পেন্ডিং আছে।** | ১)বাংলাদেশ ও বতসোয়েনার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর** |
| স্মারক নং- ৫৮.০০.০০০০.০৪১.০১.০০৪.১৭.৫৬, তারিখ ১১ মে ২০২২<br><br>**বিষয় : বাংলাদেশ ও স্টেট অব কাতার সরকারের মধ্যে প্রস্তাবিত ডিপ্লোম্যাটিক, স্পেশাল এবং অফিসিয়াল পাসপোর্টধারীগণের ক্ষেত্রে ভিসা অব্যাহতি চুক্তি সংক্রান্ত।** খসড়া চুক্তিটি মাননীয় প্রধানমন্ত্রী ১০ মে ২০২২ তারিখে সানুগ্রহ অনুমোদন করেন। | বাংলাদেশ ও স্টেট অব কাতার সরকারের মধ্যে প্রস্তাবিত ডিপ্লোম্যাটিক, স্পেশাল এবং অফিসিয়াল পাসপোর্টধারীগণের ক্ষেত্রে ভিসা অব্যাহতি চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর** |

| | | |
|---|---|---|
| **(ঙ) মসবৈ-২২(১২)/২০২১, তারিখ: ১৯ ডিসেম্বর ২০২১ বিষয় :বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে 'Agreement between the Government of the People's Republic of Bangladesh and the Government of the Republic of Maldives on Transfer of Prisoners'-শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন।**<br><br>**মন্ত্রিসভার সিদ্ধান্ত:২০।সারসংক্ষেপের সহিত উপস্থাপিত বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে 'Agreement between the Government of the People's Republic of Bangladesh and the Government of the Republic of Maldives on Transfer of Prisoners'-শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন করা হইল।-খসড়া চুক্তিটি পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে মালদ্বীপ সরকারের নিকট প্রেরণ করা হয়। মালদ্বীপ সরকার অনুমোদিত খসড়া চুক্তিতে আরো কিছু সংশোধনী প্রস্তাব প্রেরণ করে। উক্ত প্রস্তাবের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সরকারের মতামত/অবস্থানের জন্য বিষয়টি অপেক্ষমান রয়েছে।** | ১)বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়-এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর** |
| **(চ)মসবৈ-০৫(০২)-২০১৬, তারিখ :০১ ফেব্রুয়ারি ২০১৬ সিদ্ধান্ত:৮।মন্ত্রিসভা বৈঠকের আলোচনা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ সাপেক্ষে সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত 'বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬'-এর খসড়া চূড়ান্তভাবে অনুমোদন করা হইল।**-বিষয়টি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে পেন্ডিংআছে। | ১)লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ অব্যাহত রেখে ভেটিং কার্যক্রম সম্পন্ন করতে হবে। | **সকল অনুবিভাগ প্রধান/সংশ্লিষ্ট শাখা প্রধান।** |
| (ছ) মসবৈ-২৯(১০)-২০০৬, তারিখ : ০৯.১০.২০০৬ । বিষয়: জেল কোড সংশোধনের প্রস্তাব চূড়ান্ত অনুমোদন। মন্ত্রিসভার সিদ্ধান্ত-৮.৩: এর যেই সকল সংশোধন বা সংস্কার সম্পর্কিত বিধান বিভিন্ন আইনের সহিত সংশ্লিষ্ট প্রথমে উক্ত আইন/আইনসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহিত পরামর্শক্রমে সংশোধন করিবার উদ্যোগ গ্রহণ করিয়া পর্যায়ক্রমে Jail Code সংশোধিত বিধানসমূহ কার্যকর করিতে হইবে।-বর্তমানে Bangladesh Prison's and Correctional Services Act-2021-এর প্রণয়ন কাজ চলমান;<br><br>মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের পরামর্শ মোতাবেক প্রস্তুতকৃত খসড়ার বিষয়ে বিশেষজ্ঞ মতামত জনাব নাসরিন বেগম (অতিরিক্ত সচিব, অবসরপ্রাপ্ত) সদস্য (আইন) বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন-এর নিকট হতে পাওয়া গেছে। কারা আইন প্রণয়ন শেষ হলে কারা বিধির খসড়া বাংলা ভাষায় প্রণয়ন কার্যক্রম শুরু করা হবে।<br>৮.৪। Jail Code-এর বাংলা ভাষায় একটি অনুবাদ প্রকাশ করিবার ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। | ১)Bangladesh Prison's and Correctional Services Act, ২০২১-এর খসড়া প্রণয়নের অবশিষ্ট কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | **আইজি প্রিজন/অতিরিক্ত সচিব (কারা)/সংশ্লিষ্ট উপকমিটি।** |

| | | | |
|---|---|---|---|
| | **(জ) মসবৈ-১৪(০৮)/২০১৯, তারিখ : ২৬ আগস্ট ২০১৯**<br>**সিদ্ধান্ত: ৯.৩।ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান আইনসমূহ যুগোপযোগী করিয়া বাংলায় প্রণয়ন করিবার বিষয়ে মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ কার্যকর উদ্যোগ গ্রহণ করিবেন।** | ১)ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর-এর ৫টি ও কারা অধিদপ্তর সংশ্লিষ্ট ৩টি আইন যুগোপযোগী করে বাংলায় প্রণয়ন কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | **সংশ্লিষ্ট অনুবিভাগ/ সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান।** |
| | সভায় জানানো হয়, মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্তজেলাপ্রশাসক সম্মেলন, ২০২২ এ কারা অধিদপ্তর সংশ্লিষ্ট ১টি স্বল্পমেয়াদি, ১টি মধ্যমেয়াদি ও ২টি দীর্ঘমেয়াদি মোট ৪টি সিদ্ধান্ত রয়েছে।<br><br>ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর সংশ্লিষ্ট ১টি স্বল্পমেয়াদি ও ১টি দীর্ঘমেয়াদি মোট ২টি সিদ্ধান্ত রয়েছে।<br><br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সংশ্লিষ্ট ১টি মধ্যমেয়াদি ও ১টি দীর্ঘমেয়াদি মোট ২টি সিদ্ধান্ত রয়েছে। অর্থাৎ তিন অধিদপ্তর সংশ্লিষ্ট সর্বমোট ৮টি সিদ্ধান্ত রয়েছে। জেলাপ্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১) জেলা প্রশাসক সম্মেলন ২০২২ এ গৃহীত এ বিভাগের অধিদপ্তর সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি প্রতি মাসের সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে। | **সংশ্লিষ্ট অনুবিভাগ/ সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান।** |

| | | | | |
|---|---|---|---|---|
| | ২.৪ | **ই-টেন্ডারিং :**<br>**ডিআইপি :** ২০২১-২০২২ অর্থবছরে ১৬টি দরপত্র ই-টেন্ডারিং/ই-জিপিতে আহ্বান করা হয়েছে। ১৫টি ক্রয়কার্য সম্পন্ন হয়েছে। ১টি (জেনারেটর মেইন্টেন্যান্স ক্রয়কার্য) বাতিল করা হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরে মে, ২০২২-এ ৫০০টি Ribon ই-জিপিতে ক্রয়ের জন্য টেন্ডার আহ্বান করা হয়।<br><br>**ডিএনসি :** পিপিআর অনুসরণপূর্বক ক্রয় পরিকল্পনা করা হয়েছে যা ইতোমধ্যে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।প্রকল্পের যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্ত মে, ২০২২ তারিখে ইজিপিতে ১টি টেন্ডার আহ্বান করা হয়েছে।<br><br>**এফএসসিডি :** ২০২১-২০২২ অর্থবছরে পোষাক সামগ্রী ও মনিহারি মালামাল সংগ্রহের জন্য (১৪+০৮)=২২টি e-Gp টেন্ডার উন্মুক্ত করা হয়। যার মধ্যে ২১টি টেন্ডারের কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। | ১)বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুসারে সকল প্রকার ক্রয় কার্যক্রম ইজিপিতে সম্পাদন অব্যাহত রাখতে হবে;<br><br>২)পিপিআর আইন যথাযথভাবে অনুসরণ করে রেশন সামগ্রীসহ সকল প্রকার পণ্য/সেবা/ওয়ার্কস কার্যক্রম সম্পন্ন করতে হবে;<br><br>৩)জরুরি পরিস্থিতি ব্যতিত সরাসরি ক্রয় (ডিপিএম) পদ্ধতিতে কোন প্রকার পণ্য/সেবা/ওয়ার্কস সংগ্রহ/ক্রয় করা যাবে না।<br><br>৪)সরকারি তহবিলের অর্থ দ্বারা কোন পণ্য/সেবা/কার্য ক্রয়ের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা এবং ক্রয় কার্যে অংশগ্রহণের ইচ্ছুক সকল ব্যক্তির প্রতি সম-আচরণ ও অবাধ প্রতিযোগিতা নিশ্চিত করতে হবে। | **অধিদপ্তর প্রধান/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/উপসচিব (প্রশাসন-২)** |

| | | | |
|---|---|---|---|
| | গাড়ি পাম্পের খুচরা যন্ত্রাংশ ও সাধারণ মালামাল ৫৬টি লটে সংগ্রহের জন্য স্থানীয় উন্মুক্ত দরপত্র আহ্বান করা হয়। যা মূল্যায়ন শেষে ৩৪টি লটের বিপরীতে কার্যাদেশ প্রদান করা হয়েছে। অবশিষ্ট ২২টি লটের জন্য পুনঃ দরপত্র আহ্বান শেষে দরপত্র মূল্যায়ন কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>কম্পিউটার, প্রিন্টার ও ফটোকপি সংগ্রহের জন্য স্থানীয় উন্মুক্ত দরপত্রটি মূল্যায়ন শেষে কার্যাদেশ প্রদান করে সংগ্রহের কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।<br><br>১১,৫০০টি বডি ব্যাগের দরপত্র উন্মুকরণ কমিটি কর্তৃক উন্মুক্তকরণ শেষে দরপত্র মূল্যায়ন কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>১,৩৬০ (এক হাজার তিনশত ষাট)টি স্টীল ট্রাংকের দরপত্র আগামী ০৫ জুন ২০২২ তারিখে উন্মুক্তকরণ কমিটি কর্তৃক উন্মুক্তকরণ শেষে দরপত্র মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করা হবে।<br><br>**প্রিজন:** জরুরি পরিস্থিতি ব্যতিত ডিপিএম পদ্ধতিতে কোন প্রকার পণ্য/সেবা/ওয়ার্কস সংগ্রহ/ক্রয় করা হয় না। | | |

<table>
<tr><td>২.৫</td><td>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি : আগামী ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র (এপিএ) খসড়া ২৯ এপ্রিল ২০২২ তারিখে এপিএএমএস সফট ওয়্যারের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করা হয়। পরবর্তীতে মন্ত্রিপরিষদ বিভাগকর্তৃক ২৪ মে ২০২২ তারিখে অনুষ্ঠিত ফিডব্যাক কর্মশালায় প্রদত্ত নির্দেশনার আলোকে পুনরায় সংশোধিত কর্মপরিকল্পনা এপিএএমএস সফটওয়্যারে আপলোড করা হয়েছে। চলতি ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র ৪৬টি সূচকের মধ্যে নিম্নবর্ণিত ২৯টি সূচক অর্জিত হয়েছে অবশিষ্ট ১৭টি সূচকের কার্যক্রম চলমান রয়েছে</td><td>১)বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত সূচক অর্জনের নিমিত্ত এপিএ টিম লিডার এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে আওতাধীন দপ্তর/সংস্থার সাথে নিয়মিত পর্যালোচনা সভা করতে হবে এবং কোন সূচক অর্জনের ক্ষেত্রে কোন ধরনের অসুবিধা পরিলক্ষিত হলে তা নিরসনে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২)২০২২-২০২৩ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-তে কি কি বিষয় অর্ন্তভু্ক্ত করা হবে তা অনতিবিলম্বে এপিএর ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে আলাপ করে এপিএ'র খসড়া প্রণয়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে।</td><td>অধিদপ্তর প্রধান (সকল)/সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিম ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা।</td></tr>
<tr><td>২.৬</td><td>জনবল :<br><table>
<tr><th>ক্রম</th><th>দপ্তর/সংস্থা</th><th>অনুমোদিত পদ</th><th>কর্মরত</th><th>শূন্যপদ</th></tr>
<tr><td>১</td><td>এসএসডি</td><td>২৭৭</td><td>২০৮</td><td>৬৯</td></tr>
<tr><td>২</td><td>ডিএনসি</td><td>৩০৫৯</td><td>১৮১৮</td><td>১,২৪১</td></tr>
<tr><td>৩</td><td>এফএসসিডি</td><td>১৩,৭৭০</td><td>১২,২০৯</td><td>১,৫৬১</td></tr>
<tr><td>৪</td><td>প্রিজন</td><td>১২,১৭৮</td><td>১০,৪৫৩</td><td>১,৭২৫</td></tr>
<tr><td>৫</td><td>ডিআইপি</td><td>১,১৮৪</td><td>১১৪৫</td><td>৩৯</td></tr>
<tr><td></td><td>মোট =</td><td>৩০,৪৬৮</td><td>২৫,৮৩৩</td><td>৪,৪৩৫</td></tr>
</table></td><td>১)অধিদপ্তরসমূহের সকল শূন্যপদের বিপরীতে নিয়োগ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে ও স্বচ্ছতার সাথে সম্পন্ন করতে হবে;<br><br>২)যে সকল অধিদপ্তরে পদোন্নতিযোগ্য পদ খালি আছে তা পূরণের যথাযথ কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে।</td><td>অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং প্রধান/উপসচিব</td></tr>
</table>

<table>
<tr>
<td>২.৭</td>
<td colspan="2">
অডিট:
<table>
<tr><th>সংস্থা</th><th>মোট আপত্তি</th><th>জড়িত টাকার পরিমাণ</th><th>জবাব প্রদান</th><th>নিষ্পত্তি</th><th>অবশিষ্ট আপত্তি</th><th>অবশিষ্ট টাকার পরিমাণ</th></tr>
<tr><td>এসএসডি</td><td>৬</td><td>৬৫,১১,৫২৯</td><td>৪</td><td>০</td><td>৬</td><td>৬৫,১১,৫২৯</td></tr>
<tr><td>ডিআইপি</td><td>৯১</td><td>২৮১০,২৩,৩৩,৬৬২</td><td>৪৯</td><td>২৩</td><td>৬৮</td><td>২৮০৪,৭৭,৩২,৮৪৮</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>২০</td><td>৭৩৫,৪৫,৬৮,৩৯৯</td><td>২০</td><td>০</td><td>২০</td><td>৭৩৫,৪৫,৬৮,৩৯৯</td></tr>
<tr><td>প্রিজন</td><td>৪৮৭</td><td>২৯৫,২২,৯৫,৩৪২</td><td>৪৩৭</td><td>২৪৩</td><td>২৪৪</td><td>১৯১,৫০,৮৫,১৩০</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>৪২</td><td>১৭৯,৩৬,১৬,৫৭২</td><td>৪২</td><td>২</td><td>৪০</td><td>৭৬,৫৩,৩৪,৯৭২</td></tr>
</table>
<br>
সিদ্ধান্তসমূহ:
<br><br>
১) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের এ্যালকোহলের সাথে পানি মিশ্রণ বিষয়ে উত্থাপিত অডিট আপত্তিটি এনবিআর-এর সাথে বৈঠক করে দ্রুত নিষ্পত্তি করতে হবে, ভবিষ্যতে যেন অনুরূপ আপত্তি উত্থাপিত না হয় সেজন্য এনবিআর-এর পরামর্শ অনুসরণ করতে হবে, অধিকন্তু, ফিনিশড প্রোডাক্ট-এ ভ্যাট আরোপ বিষয়ে এনবিআর যেরূপ সিদ্ধান্ত দিবে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর-কে তার অধিক্ষেত্রে তার বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।
<br><br>
২) সাধারণ আপত্তি যেন অগ্রিম আপত্তিতে রুপান্তরিত না হয় সে জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে, যে সকল আপত্তির ব্রডশিট জবাব প্রদান বাকী আছে সেসকল আপত্তির ব্রডশিট জবাব আবশ্যিকভাবে এক মাসের মধ্যে প্রদান করতে হবে
<br><br>
৩) অগ্রিম অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য জরুরিভিত্তিতে অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগপূর্বক আগামী ১ (এক) মাসের মধ্যে দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভার আয়োজন করতে হবে।
<br><br>
৪) দপ্তর/সংস্থা কর্তৃক প্রদত্ত জবাবের পরিপ্রেক্ষিতে অডিট অধিদপ্তর কর্তৃক কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে সে বিষয়ে অডিট অধিদপ্তরের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করে আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।
</td>
<td>সংশ্লিষ্ট অনুবিভাগ /অধিদপ্তর প্রধান(সকল)/ উপসচিব (বাজেট-২) ও ফোকাল কর্মকর্তা।</td>
</tr>
<tr>
<td>২.৮</td>
<td>
পেনশন:<br>
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর:-আদালতে মামলা থাকার কারণে ৩টি পেনশন কেস অনিষ্পন্ন আছে।
<br><br>
কারা অধিদপ্তর: বরগুনা জেলা কারাগারের জেলার মরহুম মাসুদ পারভেজ মঈন-এর ল্যাম্পগ্রান্ট মঞ্জুরের আবেদন ১৬ নভেম্বর ২০২১ তারিখে বিভাগে প্রেরণ করা হয়ছে।
</td>
<td>১)এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় পেন্ডিং পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।</td>
<td>সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান/ সংশ্লিষ্ট অনুবিভাগ।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ২.৯ | **পরিদর্শন :** বিবেচ্য মাসে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর ৯টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর ২টি, কারা অধিদপ্তর এর ৩টি এবং ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর ৪টি স্থাপনা/প্রকল্প পরিদর্শন করা হয়েছে। | ১)প্রত্যেক মাসে আওতাধীন দপ্তরসমূহের মহাপরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত চলমান উন্নয়ন প্রকল্পসহ ও অধস্তন দপ্তরসমূহের কার্যক্রম পরিদর্শন অব্যাহত রাখতে হবে;<br>২)গুণগত মান বজায় রেখে বিনির্দেশ মোতাবেক প্রকল্প কার্যক্রম সম্পাদন করা হচ্ছে কিনা তা যাচাই করতে হবে;<br>৩)প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি এবং এপিএ'র সূচক মোতাবেক লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় করণীয় সম্পর্কে বাস্তবসম্মত পরামর্শসহ পরিদর্শন অব্যাহত রাখতে হবে;<br>৪)গতানুগতিক পরিদর্শন না করে প্রকৃত সমস্যা/গ্রে-এরিয়া চিহ্নিত করে তার সমাধানের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br>৫) পরিদর্শনকালে লক্ষ্য রাখতে হবে যে, বিদ্যমান যে পদ্ধতিতে সেবা প্রদান করা হচ্ছে সেটাকে আরো কিভাবে উন্নত এবং দ্রুততর উপায়ে প্রদান করা যায় সে বিষয়ে মতামত/পরামর্শসহ প্রতিবেদন দাখিল করতে হবে। | **অধিদপ্তর প্রধান (সকল)/ অনুবিভাগ প্রধান (সকল)।** |
| ২.১০ | **অনিষ্পন্ন বিষয়/পত্রাদি:** সভাকে জানানো হয় অনিষ্পন্ন বিষয়টি যথারীতি নিষ্পন্ন করা হচ্ছে। | ১)এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে আওতাধীন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |

২.১১

**প্রশিক্ষণ (মে, ২০২২):**

| মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তরের নাম | কর্মকর্তা-কর্মচারীর শ্রেণি | কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা | ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ (ঘন্টা) |
|---|---|---|---|
| **সুরক্ষা সেবা বিভাগ** | ৯ম ও গ্রেড তদূর্ধ্ব | ৩৩ | ৪৬ |
| | ১০ম গ্রেড | ৩০ | ৫২ |
| | ১১-১৬ গ্রেড | ৫১ | ৫৪ |
| | ১৭-২০ গ্রেড | ৩৫ | ৫৬ |
| **ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর** | ৯ম ও গ্রেড তদূর্ধ্ব | ২৭ | ৪২ |
| | ১০ম গ্রেড | ৬ | ৩৬ |
| | ১১-১৬ গ্রেড | ১৪৩ | ২৪ |
| | ১৭-২০ গ্রেড | ১৬ | ১২ |
| **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর** | ৯ম ও গ্রেড তদূর্ধ্ব | ১১৭ | ১১০ |
| | ১০ম গ্রেড | ১৫৯ | ৪৩ |
| | ১১-১৬ গ্রেড | ১৪৪৫ | ৪৫ |
| | ১৭-২০ গ্রেড | ১০০ | ৩০ |
| **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর** | ৯ম ও গ্রেড তদূর্ধ্ব | ৩৮ | ৫৫ |
| | ১০ম গ্রেড | ৬৬ | ৫৭ |
| | ১১-১৬ গ্রেড | ৩,৭৪২ | ৫৮ |
| | ১৭-২০ গ্রেড | ৭,৭৯৩ | ৫৭ |
| **কারা অধিদপ্তর** | ৯ম ও গ্রেড তদূর্ধ্ব | ১২১ | ৫৫ |
| | ১০ম গ্রেড | ১৩৮ | ৫৪ |
| | ১১-১৬ গ্রেড | ৩৪৬ (সিভিল) | ৫৪ |
| | ১১-১৬ গ্রেড | ৮১০৫(ইউনিফর্ম) | ৫৫ |
| | ১৭-২০ গ্রেড | ২৩ | ৫০ |

১)জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ক্যালেন্ডারের নির্ধারিত বিষয়সহ অধিদপ্তরের প্রয়োজন ও চাহিদা মোতাবেক (Need Based) প্রশিক্ষণ ক্যালেন্ডার মোতাবেক মানসম্মত ইনহাউজ প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে।

২)সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী বিভাগীয় মামলা রুজুকরণ এবং তদন্ত কার্যক্রম পরিচালনা বিষয়ে এ বিভাগ ও আওতাধীন দপ্তরসমূহের কর্মচারীগণকে আরো ভালোভাবে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে।

৩)কোন কোন সময় প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণে অংশগ্রহণের পাশাপাশি অন্যান্য কাজও সম্পাদন করেন, এটি মোটেই ঠিক নয়; দায়সারা গোছের প্রশিক্ষণ প্রদান ও গ্রহণ করা যাবে না, আন্তরিকতা ও নিষ্ঠার সাথে প্রশিক্ষণ প্রদান ও গ্রহণ অব্যাহত রাখতে হবে।

<table>
<tr>
<td>২.১২</td>
<td colspan="2">ওয়েবসাইট হালনাগাদকরণ :
<table>
<tr><th>অধিদপ্তর</th><th>বিবেচ্যমাসে আপলোডকৃত বিষয়/তথ্য</th><th>বিবেচ্যমাসে আপগ্রেডকৃত বিষয়/তথ্য</th></tr>
<tr><td>ডিআইপি</td><td>অফিস আদেশ-৭টি<br>নোটিশ-৩টি দরপত্র<br>নোটিশ-২টি<br>এনওসি: কর্মচারী-১টি</td><td>০০</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>এনওসি/জিও-৫টি, নোটিশ/অফিস আদেশ-৬৬টি, ছবি আপলোড-৫৩টি আপলোড করা হয়েছে। এছাড়া প্রিকারসর কেমিক্যালস্ এর এনওসি ৩৫টি, সভার কার্যবিবরণী-৫টি আপলোড করা হয়েছে।</td><td>০০</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>নোটিশ-৫টি<br>এনওসি-১৭ টি<br>অফিস অর্ডার-৬টি<br>বহিঃ বাংলাদেশ ছুটি-৫টি<br>ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।</td><td>০০</td></tr>
<tr><td>প্রিজন</td><td>নোটিশ বোর্ড ৩টি<br>সার্কুলার ৬টি<br>পোস্টিং অর্ডার/জিও ৩টি<br>এনওসি ৫টি<br>অফিস আদেশ ৯টি<br>বহিঃ বাংলাদেশ ছুটি ৮টি<br>টেন্ডার ৬টি</td><td>১. টপ মেন্যুর গ্যালারিতে স্থির চিত্র।<br><br>২.গুরুত্বপূর্ণ লিংক-এডিপি/আরএডিপি ম্যানেজমেন্ট সিস্টেম (এএমএস) সফটওয়্যার</td></tr>
</table>
</td>
<td>১)জারিকৃত জরুরি নোটিশসমূহ, জিও, প্রজ্ঞাপন, অফিস আদেশ, সভার কার্যবিবরণী, এনওসি, গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি, প্রকল্পের তথ্য হালনাগাদকরণ ও বিভিন্ন প্রোগ্রামের ছবি ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়সমূহ যথারীতি ওয়েবসাইটে প্রতিমাসের ১ম ৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবশ্যিকভাবে আপলোড/আপডেট অব্যাহত রাখতে হবে;</td>
<td>অধিদপ্তর প্রধান (সকল)।</td>
</tr>
<tr>
<td>২.১৩</td>
<td>ই-ফাইলিং:<br>ফায়ার সার্ভিস ওসিভিল ডিফেন্স অধিদপ্তর:বিবেচ্য মাসে নিষ্পত্তিযোগ্য নথিতে ৮৫% ই-ফাইলে নিষ্পত্তি করা হয়েছে।<br><br>ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর :পত্রজারি এবং নিষ্পত্তি কার্যক্রম যথাযথভাবে ই-নথির মাধ্যমে সম্পন্ন করা হয়।<br><br>কারা অধিদপ্তর: পত্রজারি এবং নিষ্পত্তি কার্যক্রম যথাযথভাবে ই-নথির মাধ্যমে সম্পন্ন করা হয়।<br><br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর: ই-নথির মাধ্যমে পত্র জারি এবং নিষ্পন্নের মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে।</td>
<td colspan="2">১)এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সকল প্রকার পত্র যোগাযোগ ই-নথির মাধ্যমে নিষ্পত্তিকরণ অব্যাহত রাখতে হবে;<br><br>২)অধিদপ্তর/সংস্থা থেকে ই-নথিতে চিঠি-পত্র প্রেরণের পর পুনরায় একই বিষয়ে হার্ড কপিতে যেন প্রেরণ করা না হয় তা নিশ্চিত করতে হবে। একই সাথে কোন ই-নথির কোন নোটশিট যেন প্রিন্ট করা না হয় তা মনিটরিং করতে হবে।<br><br>৩) ই-ফাইলের নথিতে সংশ্লিষ্ট কর্মকর্তা ছাড়া অন্য কোন কর্মকর্তা বা স্টাফকে প্রবেশাধিকার দেওয়া যাবে না।</td>
<td>অধিদপ্তর প্রধান (সকল)/ উপসচিব (প্রশাসন-১)।</td>
</tr>
<tr>
<td>২.১৪</td>
<td colspan="2">ইনোভেশন ও উত্তম চর্চা :<br>১৬ মে ২০২২ তারিখে সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের ইনোভেশন টিমের ৪র্থ সভা অনুষ্ঠিত হয়েছে।</td>
<td>১)মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে চলতি বছরের ইনোভেশন কার্যক্রম করার সকল</td>
<td>অধিদপ্তর প্রধান (সকল)/ প্রশাসন ও অর্থ অনুবিভাগ ও</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | ২২ মে ২০২২ তারিখে “৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়” শীর্ষক ৪র্থ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।<br><br>**সুরক্ষা সেবা বিভাগ :** সুরক্ষা সেবা বিভাগের নিম্নলিখিত ২টি নাগরিক সেবার আবেদন অনলাইন প্ল্যাটফরমের (মাইগভ) মাধ্যমে গ্রহণের যাবতীয় কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।<br><br>১.এসিড আমদানির লাইসেন্স প্রদান;<br>২.স্পেনে নাগরিকত্ব প্রাপ্তির জন্য পুলিশ ক্লিয়ারেন্স সনদপত্র প্রদান;<br><br>উল্লিখিত ২টি সেবার আবেদন সেবা প্রত্যাশি অনলাইনে দখিল করলে তা এ বিভাগের ই-নথি সিস্টেমের ফ্রন্ট ডেস্কে গৃহীত হবে। পররর্তীতে প্রাপ্ত আবেদন ই-নথি সিস্টেমের ফ্রন্ট ডেস্ক হতে সচিব, সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান এবং শাখা কর্মকর্তার নিকট প্রেরণ করা হবে। সেবা ২টির আবেদন করার লিংক এ বিভাগের ওয়েবসাইটের ‘অনলাইন সেবাসমূহ’ পাতায় প্রকাশ করা হয়েছে।<br><br>**নতুন উদ্ভাবনী ধারণা:**অনলাইন সিকিউরিটি ক্লিয়ারেন্স সিস্টেম।<br><br>**সেবা সহজিকৃত:**সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে কোটাভুক্ত বাসা (শুধুA, B, Cটাইপ) বরাদ্দের কার্যক্রম সহজিকরণ।<br><br>**সেবা ডিজিটাইজকৃত:**<br><br>১.বিনা ভিসায় আগতদের আগমনি ভিসা (Visa on Arrival) প্রাপ্তির আবেদন; ww.mygov.bd/service/?id=BDGS-1630773192)।<br><br>২.দ্বৈত নাগরিকত্ব সনদপত্র প্রাপ্তির আবেদন; (www.mygov.bd/service/?id=BDGS-1638954584)।<br><br>৩. বাংলাদেশ নাগরিকত্ব পরিত্যাগ অনুমতির আবেদন;<br><br>(www.mygov.bd/service/?id=BDGS-1639026018)<br><br>**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর:**<br><br>**নতুন উদ্ভাবনী ধারণা**: ‘ফায়ার সেফটি ম্যানেজার কোর্স’ এবং‘ফায়ার সাইন্স ও অকুপেশনাল কোর্স’-এর সনদেQR Codeসংযোজন করতঃ অনলাইনে প্রদান;<br><br>**সেবা সহজিকৃত:** স্টেশন হতে প্রেরিত মাসিক প্রতিবেদনসমূহ সহজিকরণ;<br><br>**সেবা ডিজিটাইজকৃত:** অনলাইন স্টোর ম্যানেজমেন্ট।<br><br>**ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর:**<br><br>**নতুন উদ্ভাবনী ধারণা:**পাসপোর্ট তথ্য সহায়িকা অ্যাপস (এন্ড্রয়েড) । | আনুষ্ঠানিকতা নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে;<br><br>২)বিভাগ/অধিদপ্তরওয়ারী ইনোভেশন ও উত্তমচর্চা বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক যথাযথভাবে মনিটর করতে হবে। | **চিফ ইনোভেশন কর্মকর্তা।** |

| | | | |
|---|---|---|---|
| | **সেবা সহজিকৃত:**তথ্য সেবায় কিয়স্কের ব্যবহার;<br>**সেবা ডিজিটাইজকৃত:**পার্সোনালাইজেশন রিপোর্টিং সফটওয়্যার;<br><br>**কারাঅধিদপ্তর:**<br>**নতুন উদ্ভাবনী ধারণা:**সাজাপ্রাপ্ত বন্দিদের মুক্তির তারিখ নির্ধারণী অ্যাপস (পিডিআর ক্যালকুলেটর/বন্দি ক্যালকুলেটর);<br>**সেবা সহজিকৃত:** বন্দিদের স্বজন-এর সাথে অডিও ভিডিও কল-এর মাধ্যমে যোগাযোগের ব্যবস্থা;<br>**সেবা ডিজিটাইজকৃত:** বন্দির বর্তমান অবস্থা সম্পর্কিত তথ্য অনলাইনে প্রদান (MyGov Platform);<br><br>**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর:**<br>**নতুন উদ্ভাবনী ধারণা:**পারফরমেন্স বক্স/ড্রাগ মিউজিয়াম;<br>**সেবা সহজিকৃত:**মাদকবিরোধী কার্যক্রমে নিয়োজিত বেসরকারি সংস্থার নিবন্ধন প্রদান;<br>**সেবা ডিজিটাইজকৃত:**বিলাতি মদের ব্র্যান্ড রেজিস্ট্রেশন (MyGov Platform); | | |
| **২.১৫** | **ভিডিও কনফারেন্সিং :**<br>বিভাগ/অধিদপ্তর — ভিডিও কনফারেন্সের সংখ্যা<br>এসএসডি — ১১টি<br>ডিএনসি — ১টি<br>ডিআইপি — ৫টি<br>এফএসসিডি — ৭৩টি<br>প্রিজন — ৪টি<br>**সর্বমোট** — **৯৪টি** | ১)মাঠ পর্যায়ের দপ্তরের সাথে চলমান উন্নয়ন ও সেবামূলক কাজের মানোন্নয়নের জন্য প্রত্যেক মাসে অধিদপ্তর কর্তৃক ভিডিও কনফারেন্সিং-এর আয়োজন অব্যাহত রাখতে হবে।<br>২)সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তর কর্তৃক আয়োজিত ভিডিও কনফারেন্সের যাবতীয় তথ্য (ভিডিও কনফারেন্স’র বিষয়, তারিখ ও সময়, সংশ্লিষ্ট দপ্তর সংস্থা) এ বিভাগের প্রশাসন-৩ শাখায় প্রেরণ অব্যাহত রাখতে হবে। | **অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা।** |
| **২.১৬** | **সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন দপ্তরসমূহে চলমান বিভাগীয় মামলার পরিসংখ্যান :**<br>**বাস্তবায়ন অগ্রগতি:** (ছক-ক. নিচে) | | **অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/আইন ও শৃঙ্খলা অনুবিভাগ/ প্রোগ্রামার।** |

**ছক-ক.**

| ক্রম-(১) | দপ্তর/সংস্থা-(২) | গত মাস পর্যন্ত মামলার সংখ্যা (৩) | চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা-(৪) | মোট মামলার সংখ্যা-(৫) | নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা-(৬) | অবশিষ্ট মামলার সংখ্যা-(৭) |
|---|---|---|---|---|---|---|
| ১ | এসএসডি | ১০ম-২০তম গ্রেড=৩ | ০ | ৩ | ০ | ৩ |
| ২ | ডিআইপি | ২য়-৯ম গ্রেড=১<br>১০ম-২০তম গ্রেড=১৬<br>মোট=১৭টি | ০ | ১৭ | ২য়-৯ম গ্রেড=১<br>১০ম-২০তম গ্রেড=২<br>মোট-৩টি | ১৪ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৩ | এফএসসিডি | ২য়-৯ম<br>গ্রেড=১<br>১০ম-২০তম<br>গ্রেড=৮৯<br>মোট=৯০টি | ১০ম-২০তম<br>গ্রেড=৮ | ৯৮ | ২য়-৯ম<br>গ্রেড=১<br>১০ম-২০তম<br>গ্রেড=২<br>মোট-৩টি | ৯৫ |
| ৪ | ডিএনসি | ১০ম-২০তম<br>গ্রেড=৩০<br>মোট=৩০টি | ১০ম-২০তম<br>গ্রেড=১ | ৩১ | ১০ম-২০তম<br>গ্রেড=২ | ২৯ |
| ৫ | প্রিজন | ২য়-৯ম<br>গ্রেড=৩<br>১০ম-২০তম<br>গ্রেড=৪৬৪<br>মোট-৪৬৭টি | ১০ম-২০তম<br>গ্রেড=৩৩ | ৫০০ | ১০ম-২০তম<br>গ্রেড=৪২ | ৪৫৮ |
| **মোট** | | **৬০৭** | **৪২** | **৬৪৯** | **৫০** | **৫৯৯** |

**বিভাগীয় আপিল মামলা/এএটি/এটি সংক্রান্ত পরিসংখ্যান:**

**ছক-খ.**

| ক্রম-(১) | দপ্তর/সংস্থা-(২) | গত মাস পর্যন্ত আপিল মামলার সংখ্যা (৩) | চলতি মাসে দায়েরকৃত আপিল মামলার সংখ্যা-(৪) | মোট আপিল মামলার সংখ্যা-(৫) | নিষ্পত্তিকৃত আপিল মামলার সংখ্যা-(৬) | অবশিষ্ট আপিল মামলার সংখ্যা-(৭) | এএটি/এটি মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | এসএসডি | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ২ | ডিআইপি | ২ | ০ | ০ | ০ | ০ | এটি-৫<br>এএটি-৬ |
| ৩ | এফএসসিডি | ১ | ০ | ৩ | ১ | ৩ | এটি-৬<br>এএটি-১ |
| ৪ | ডিএনসি | ১ | ০ | ১ | ০ | ১ | এটি-২০<br>এএটি-৪ |
| ৫ | প্রিজন | ৪ | ১ | ৫ | ৪ | ১ | এটি-৬৯<br>এএটি-২৪ |
| **মোট** | | **৮** | **১** | **৯** | **৫** | **৫** | **এটি-১০০<br>এএটি-৩৫** |

**ছক-গ). অন্যান্য মামলার তথ্য (সিভিল):**

| ক্রম | দপ্তর/সংস্থার নাম | লিভ-টু-আপিল | রিট | সিভিল রিভিশন | দেওয়ানি | ফৌজদারি | মামলার অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | এসএসডি | ০ | ৩ | ০ | ০ | ০ | |
| ২ | ডিআইপি | ৭ | ৮৫ | ১ | ০ | ২ | |
| ৩ | এফএসসিডি | ৫ | ১২১ | ৪ | ১৩ | ১ | |
| ৪ | ডিএনসি | ০ | ৫৮ | ০ | ০ | ০ | |
| ৫ | প্রিজন | ২৪ | ৭২ | ৬ | ০ | ০ | |

**সিদ্ধান্তসমূহ:**

১)বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাসমূহ নির্ধারিত সময়ে নিষ্পত্তির লক্ষ্যে অধিদপ্তর প্রধানগণ কর্তৃক অধিদপ্তরে

| | | | |
|---|---|---|---|
| | নিয়োগকৃত আইন কর্মকর্তার সাথে প্রতিমাসে সভা করতে হবে এবং চলমান মামলাসমূহের অগ্রগতি ও কার্যবিবরণীসহ মাসিক সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে;<br><br>২)মন্ত্রণালয়/অধিদপ্তরের বিভাগীয় মামলাসমূহের তদন্ত কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে এবং চলমান বিভাগীয় পেন্ডিং মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে, বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাসমূহ যেন তদবিরের অভাবে মামলার মেরিট নষ্ট না হয় সেদিকে নজরদারি বৃদ্ধিসহ নিবিড়ভাবে মনিটরিং অব্যাহত রাখতে হবে; | | |
| **২.১৭** | **বিবিধ**<br><br>১)ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর-এর হটলাইন নম্বর '১৬১৬৩' বহুল প্রচার কার্যক্রম;<br><br>•প্রিন্ট মিডিয়ায় একাধিক পত্রিকায় সপ্তাহে অন্তত দুই দিন ৮ ইঞ্চি কলামে বিজ্ঞাপন প্রচার করা হচ্ছে।<br><br>•ইলেকট্রিক মিডিয়ায় ১৫টি অনলাইন পত্রিকায় বিজ্ঞাপনের পাশাপাশি টিভি স্ক্রল প্রচার করা হচ্ছে।<br><br>•সকল মোবাইল অপারেটরের মাধ্যমে নাগরিকদের SMS প্রেরণ করা হচ্ছে।<br><br>•দাপ্তরিক ওয়েবসাইট ও সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপকভাবে প্রচার করা হচ্ছে।<br><br>২)ফায়ার সেফটি ম্যানেজমেন্ট কোর্সের প্রশিক্ষণ সনদে QR Code সংযোজনে কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং সফটওয়্যার নির্মাণকাজ সমাপ্ত প্রায়।<br><br>৩)এ অধিদপ্তরে কর্মরত সন্দেহভাজন কর্মচারীগণের মধ্যে দৈবচয়ন পদ্ধতিতে ডোপ টেস্ট কার্যক্রম চালু করার জন্য মাঠ পর্যায়ে আদেশ প্রদান করা হয়েছে। | ১)যে সব দেশের সাথে আমাদের কুটনৈতিক যোগাযোগ আছে সেসব দেশের মধ্যে কোন কোন দেশের সাথে কুটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি করা যেতে পারে তার একটি তালিকা তৈরি করে পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২) পররাষ্ট্র মন্ত্রণালয় হতে ভিসা ফি নির্ধারণের সময় অর্থ মন্ত্রণালয় হতে কোন অনুমোদন গ্রহণ করা হয় কিনা সে বিষয়ে অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)কে খোঁজ-খবর নিয়ে সচিবকে অবহিত করতে হবে।<br><br>৩)যে সকল নাগরিকের বয়স ৬৫ (পয়ষট্টি) বৎসর এর উপরে তাদের পাসপোর্টের মেয়াদ বর্তমানে ৫ (পাঁচ) বৎসরের স্থলে ১০ (দশ) বৎসর মেয়াদি করা যায় কিনা সে বিষয়ে মহাপরিচালক(ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর)কে যৌক্তিকতা উল্লেখপূর্বক এ বিষয়ে একটি প্রস্তাব প্রেরণ করতে অনুরোধ করা হয়।<br><br>৪)ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর-এর হটলাইন নম্বর-'১৬১৬৩' প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা অব্যাহত রাখতে হবে। | **মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর/ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর /সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান।** |

৩। সভাপতি এ বিভাগের কর্মকর্তাগণকে তাঁদের মেধা, মনন, প্রজ্ঞা, দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সহিত পালন করে সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। তিনি পেন্ডিং বিষয়সমূহ অগ্রাধিকারভিত্তিতে অত্যন্ত দ্রুততার সাথে নিষ্পত্তি করতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি সভায় উপস্থিত সকল সদস্য ও তাঁদের আওতাধীন কর্মকর্তা-কর্মচারীগণের উদ্দেশ্যে বলেন, সেবা প্রদানকালে জনগণ যেন ভোগান্তির শিকার না হন সে বিষয়টি সর্বাগ্রে খেয়াল রাখতে হবে। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মোকাব্বির হোসেন
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.০১৪.০৬.০০২.১৭.২০১

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৯
০৮ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

মোঃ আবদুল কাদির
উপসচিব